তারিখ 08 MAY 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# বিক্রমপুর ফাউন্ডেশনের শিক্ষা বৃত্তি প্রদান

প্রতিবছরের মতো এবারও গতকাল শনিবার ঢাকায় অফির্সাস ক্লাবে বিক্রমপুর ফাউন্ডেশনের পক্ষ থেকে মেধা শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। এ বছর ২০১৪ ও ২০১৫ সালে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ১৩৯ জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়। বিক্রমপুর ফাউন্ডেশনের চেয়ারম্যান এমএম এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য সুকুমার রঞ্জন ঘোষ, সংসদ সদস্য অধ্যাপক সাগুফতা ইয়াসমিন এমিলি এবং আইবিসিএফ ও সিবিবিএন'র ভাইস চেয়ারম্যান এ কে এম নুরুল ফজল বুলবুল প্রমুখ। —প্রেস বিজ্ঞপ্তি